

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৫৭) মুমিনদের শিশু বাচ্চাদের পরিণাম কী? মুশরিকদের যে সমস্ত শিশু প্রাপ্ত বয়স্ক হওয়ার পূর্বে মারা যায়, তাদের অবস্থা কী হবে?

উত্তর: মুমিনদের শিশু সন্তানগণ তাদের পিতাদের অনুসরণ করে জান্নাতে প্রবেশ করবে। আল্লাহ বলেন,
﴿ وَٱلَّذِينَ ءَامَنُواْ وَٱتَّبَعَتَاهُمُ ۚ ذُرِّيَّتُهُم بِإِيمَٰنٍ أَلۡ الْحَقَانَا بِهِمِ ۚ ذُرِّيَّتَهُم اللَّهِ مِنَ عَمَلِهِم مِّن شَيَاءِ ۚ كُلُّ المَاكِ الطور: ٢١]
أَمالِرِي الْ بِمَا كَسَبَ رَهِين اللَّهُ [الطور: ٢١]

"যারা ঈমানদার এবং তাদের সন্তানরা ঈমানে তাদের অনুগামী, আমি তাদেরকে তাদের পিতৃপুরুষদের সাথে মিলিত করে দেব এবং তাদের আমল বিন্দুমাত্রও হ্রাস করব না। প্রত্যেক ব্যক্তি নিজ কর্মের জন্য দায়ী হবে।" [সূরা আত-তূর, আয়াত: ২১] অমুসলিমদের নাবালক শিশুদের ক্ষেত্রে বিশুদ্ধ কথা হলো, আমরা বলব আল্লাহই ভালো জানেন বড় হলে তারা কী আমল করত? দুনিয়ার বিধি-বিধানের ক্ষেত্রে তারা তাদের পিতা-মাতাদের অন্তর্ভুক্ত হবে। আর আখেরাতে তাদের অবস্থা কি হবে আল্লাহই ভালো জানেন। নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম থেকে এ কথাই বর্ণিত হয়েছে।[1] পরকালে তাদের কী হবে সেটা জানার ভিতরে আমাদের কোনো লাভ নেই। দুনিয়াতে তাদের বিধান হলো, তারা প্রাপ্ত বয়স্ক মুশরিকদের মতই হবে। মারা গেলে তাদেরকে গোসল দেওয়া হবে না, কাফন পরানো হবে না, তাদের উপর জানাযার সালাত পড়া হবে না এবং মুসলিমদের গোরস্থানে দাফন করা হবে না।

ফুটনোট

[1] সহীহ বুখারী, অধ্যায়: কিতাবুল জানায়েয।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=589

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন